

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
কারা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.২২.০০৩.১৮.১০

তারিখ : ১৮ পৌষ ১৪৩১
০২ জানুয়ারি ২০২৫

বিষয় : কারা অধিদপ্তরে সরাসরি নিয়োগযোগ্য কারারক্ষী ও মহিলা কারারক্ষী শূন্য পদের ছাড়পত্র প্রসঙ্গে।

সূত্র : (ক) কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.০৭.০০১.২০২৪-৫৮৩ তারিখ : ১২ ডিসেম্বর ২০২৪।

(খ) কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.০৭.০০১.২০২৪-৬১৩ তারিখ : ২২ ডিসেম্বর ২০২৪।

কারা অধিদপ্তরের রাজস্বখাতে সরাসরি নিয়োগযোগ্য নিম্নহকে বর্ণিত কারারক্ষীর ৩৭৮টি ও মহিলা কারারক্ষীর ১২৭টি মোট ৫০৫ (পাঁচশত পাঁচ)টি শূন্য পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর ২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিধি মোতাবেক সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলোঃ

ক্র.নং	পদের নাম	সরাসরি পূরণযোগ্য পদ সংখ্যা	পূরণকৃত পদ	বর্তমান শূন্য পদ	শূন্য পদের ১০%	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড	শূন্য পদের ১০% সংরক্ষিত রেখে ছাড়পত্র প্রদানযোগ্য পদের সংখ্যা
১.	কারারক্ষী	পূর্বের অনুমোদিত পদ ৮৫৬৫+ নব্য সৃজিত ২২১=মোট ৮৭৮৬	৮৩৬৬	৪২০	৪২	৯০০০-২১৮০০/- ১৭তম	৪২০-৪২= ৩৭৮
২.	মহিলা কারারক্ষী	পূর্বের অনুমোদিত পদ ৬৭৭+ নব্য সৃজিত ৫৭=মোট ৭৩৪	৫৯৩	১৪১	১৪	৯০০০-২১৮০০/- ১৭তম	১৪১-১৪=১২৭
মোট=							৫০৫ (পাঁচশত পাঁচ)

শর্তাবলি :

(ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০২১ তারিখের ২৪৯ নং পরিপত্রের ৪(খ) অনুযায়ী এ ছাড়পত্রের বৈধতার মেয়াদ ১ (এক) বছর; উক্ত পরিপত্রের ৪(গ) অনুযায়ী ছাড়পত্রের বৈধতার মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৪(ঘ) অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;

(গ) প্রাপ্ত প্রভাবে মঞ্জুরকৃত ও শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে;

- (ঘ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণির পদের বিপরীতে মঞ্জুরকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে এবং এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- (ঙ) ছাড়পত্র প্রদানকৃত পদগুলি পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/ আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/ অনুসরণ করতে হবে;
- (চ) ছাড়পত্র প্রদানকৃত পদসমূহ পূরণ করার ১৫ কার্য দিবসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগের কারা-১ শাখা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষকে অবহিত করতে হবে; এবং
- (ছ) শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে বিদ্যমান সকল আইন-কানুন, বিধি-বিধান অবশ্যই অনুসরণ করতে হবে এবং আইন ও বিধি-বিধানের কোনরূপ ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে।



(তাহনিয়া রহমান চৌধুরী)

উপসচিব

ফোন : ০২-২২৩৩৯০৯৪১

E-mail: jail1@ssd.gov.bd


কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.২২.০০৩.১৮.১০

তারিখ : ১৮ পৌষ ১৪৩১
০২ জানুয়ারি ২০২৫

অনুলিপি :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। উপসচিব, পরিসংখ্যান ও গবেষণা কোষ, সওব্য অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



(তাহনিয়া রহমান চৌধুরী)

উপসচিব